# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/০৫

১২ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ
২৬ জুন ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৪৮ তম কমিশন সভা অদ্য ২৬/০৬/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছে ঃ

Kattali Textile Limited এর প্রতিটি ১০.০০ টাকা অভিহিত মূল্যে ৩.৪০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণপ্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন অনুমোদন প্রদান করেছে। এই গণপ্রস্তাবের মাধ্যমে কোম্পানীটি ৩৪ (চৌত্রিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে কারখানা ভবন নির্মাণ, কর্মচারীদের জন্য ডরমিটরি ভবন নির্মাণ, বর্ধিত ইউনিটের জন্য নতুন যন্ত্রপাতি ক্রয়, বৈদ্যুতিক ট্রান্সফর্মার স্থাপন ও জেনারেটর স্থাপন, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য (NAV without revaluation) ২০.৪৮ টাকা এবং শেয়ার প্রতি আয় (EPS) ১.৯৪ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে এনআরবি ইক্যুইটি ম্যানেজমেন্ট লিঃ।

২৬/০৬/২০১৮

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।